

কোথায় তোমাকে পাবো

দুঃখের নীল প্রান্ত ছুঁয়ে বসে আছি, অনিন্দ্যা
আজন্ম বসে আছি প্রতীক্ষায় ।

হাতের মুঠোয় ফুটো কানাকড়ি,
পসারি ফিরিয়ে দেয় বারংবার
কোন হাটেই যায় না ভালবাসা কেনা,
সাধের সাধ্য নেই ভালবাসা ডালায় তোলে ।

তবুও হাট থেকে হাটান্তরে হেঁটে ফিরি
যদি কেউ বিনি পয়সায় বিনিময় করে ভালবাসা,

হাট ভাঙে
মন ভাঙে -
শূন্য হাতে ফিরে আসি দুঃখের প্রান্তে,
সাধ করে ভালবাসা দেয় না কেউ হাতে তুলে ।

দুপুর ফুরায়,
বিষণ্ন বিকালে বসে আছি তোমার প্রতীক্ষায়,
যদি তুমি ভালবেসে ভালবাসা দাও ।

কোথায় তোমাকে পাবো,
অনিন্দ্যা, কোন আকাশের চালচিত্রে ঠিকানা তোমার !